

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ২৬৭৩ ২৪/ বিবাহ ও দাম্পত্য পরিচ্ছেদঃ পর্দার বিধান

আরবী

جَاءَت النبي عَلَيْ امْرَأَةٌ شَابَّةٌ مِنْ خَتْعَمَ فَقَالَتْ إِنَّ أَبِيْ شَيْخٌ كَبِيرٌ وَقَدْ أَفْنَدَ وَأَدْرَكَتْهُ فَريضَةُ اللهِ فِي الْحَجِّ وَلَا يَسْتَطِيعُ أَدَاءَهَا فَيُجْزِئُ عَنْهُ أَنْ أُوَدِّيَهَا عَنْهُ قَالَ رَسُوْلُ اللهِ عَلَيْ فَريضَةُ اللهِ فِي الْحَجِّ وَلَا يَسْتَطِيعُ أَدَاءَهَا فَيُجْزِئُ عَنْهُ أَنْ أُوَدِّيَهَا عَنْهُ قَالَ رَسُوْلُ اللهِ إِنِّي رَأَيْتُكَ نَعَمْ وَجَعَلَ يَصِرْفُ وَجْهَ الْفَضِلْ بْنِ الْعَبَّاسِ عَنْهَا قَالَ الْعَبَّاسُ يَا رَسُوْلَ اللهِ إِنِّي رَأَيْتُكَ تَصَرْفُ وَجْهَ ابْنِ أَخِيكَ قَالَ إِنِّي رَأَيْتُ غُلَامًا شَابًا وَجَارِيَةً شَابَّةً فَخَشِيتُ عَلَيْهِمَا الشَّيْطَانَ

বাংলা

(২৬৭৩) হজ্জের সময় কুরবানীর দিন খাসআম গোত্রের এক সুন্দরী যুবতী নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট এসে ফতোয়া জিজ্ঞাসা করল, 'আমার আববা (দাদা) খুবই বৃদ্ধ হয়ে গেছে এবং তার উপর হজ্জ ফরয হয়েছে। কিন্তু সে সওয়ারীতে বসে থাকতে পারবে না। আমি যদি তার পক্ষ থেকে হজ্জ করি, তাহলে যথেষ্ট হবে কি?' নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, তুমি তোমার আববার পক্ষ থেকে হজ্জ কর। (যথেষ্ট হবে।)

সেই সময় ফাফা ইবনে আব্বাস তাঁর পিছনে সওয়ারীর উপর বসে ছিলেন। তিনি ঐ যুবতীর দিকে তাকিয়ে দেখতে লাগলেন। তা দেখে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর মুখটা হাতে ক'রে ঘুরিয়ে দিলেন। আলী বললেন, 'হে আল্লাহর রসূল! আপনি আপনার চাচাতো ভাইয়ের মুখটা ফিরিয়ে দিলেন কেন?' তিনি বললেন, যুবক-যুবতীকে (তাকাতাকি করতে) দেখলাম এবং শয়তান থেকে তাদেরকে নিরাপদ মনে করলাম না।

ফুটনোট

(আহমাদ ৫৬৪, ৩৩৭৫, বুখারী ৬২২৮, মুসলিম ৩৩১৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন